



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ১৩৫

রাজশাহীতে অনুষ্ঠিত হতে যাচ্ছে বিভাগীয় বইমেলা ২০২৪

রাজশাহী; পহেলা পৌষ (১৬ ডিসেম্বর):

আগামী বুধবার (১৮ ডিসেম্বর) শুরু হচ্ছে রাজশাহী বিভাগীয় বইমেলা ২০২৪। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এবং রাজশাহী বিভাগীয় প্রশাসনের আয়োজনে নগরীর কালেক্টরেট মাঠে অনুষ্ঠিতব্য এ মেলা চলবে ২৫ ডিসেম্বর পর্যন্ত। কর্মদিবসে বিকাল ৩ ঘটিকা থেকে রাত ৮ ঘটিকা পর্যন্ত এবং সরকারি বন্ধের দিনে সকাল ১১ ঘটিকা থেকে রাত ৮ ঘটিকা পর্যন্ত এ বইমেলা চলবে।

বইমেলাতে সরকারি প্রতিষ্ঠানসহ অর্ধশতাধিক প্রকাশনা প্রতিষ্ঠানের স্টল থাকবে। জাতীয় গ্রন্থকেন্দ্র ও মন্ত্রণালয় হতে আগত অতিথিবৃন্দ এবং রাজশাহী বিভাগের জেলাসমূহের জেলা প্রশাসন ও বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গ এ মেলা উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

বইমেলায় আগত অতিথি এবং দর্শনার্থীদের প্রাথমিক চিকিৎসার জন্য সার্বক্ষণিক মেডিকেল টিম, নিরাপদ সুপেয় খাবার পানির সুব্যবস্থা এবং অগ্নি-দুর্ঘটনা রোধকল্পে মেলা প্রাঙ্গণে সার্বক্ষণিক অগ্নি নির্বাপন ব্যবস্থা থাকবে।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/২০২৪/১৩:০০ ঘ.